



## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৩.৯৯.০১০.২১. ২৪ ৮৭

তারিখ: ০১/০৭/২০২৫ খ্রি.

**বিষয়: জাতীয় কৃষি গবেষণা সিস্টেম এর 'ক' তফসিলভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণার মান উন্নয়নের লক্ষ্যে গঠিত ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এর সুপারিশ চূড়ান্তকরণ কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (১) কৃষি মন্ত্রণালয়ের পত্র নং- ১২.০০.০০০০.০৬২.৯৯.০০১.২০ (বিএআরসি)-৩৩৫; তারিখ: ১০/১২/২০২০ খ্রিঃ;  
(২) বিএআরসি'র পত্র নং-১২.২০.০০০০.০০১.৯৯.২১/৪৩৭; তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন-২০১২ এর ১৩ নং আইনের "ক" তফসিলভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণার মান উন্নয়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের বিগত ১০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখের সূত্রস্ব ১নং পত্রের (কপি সংযুক্ত) প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক ইনস্টিটিউট বহির্ভূত ১০ সদস্য বিশেষজ্ঞ প্যানেল গঠন করা হয় (সূত্রস্ব পত্র-২; তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.)।

বিশেষজ্ঞ প্যানেলের অন্যতম দায়িত্ব হচ্ছে জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের "ক" তফসিলভুক্ত গবেষণা প্রতিষ্ঠানসমূহের বিগত ০৫ (পাঁচ) বছরের গবেষণা কার্যক্রম ও অর্জনসমূহ মূল্যায়ন, মাঠ পর্যায়ে ব্যবহৃত প্রযুক্তিসমূহ এবং বিভিন্ন স্টেকহোল্ডার ও উপকারভোগী কর্তৃক ব্যবহার মাত্রা শনাক্তকরণ, গবেষণা কার্যক্রম পরিকল্পনা, পরিবীক্ষণ এবং কার্যক্রম বাস্তবায়নের জন্য গবেষণা প্রতিষ্ঠানসমূহকে কৌশলগত দিকনির্দেশনা প্রদান।

উক্ত বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক বিএআরসি সহ জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের ০৬ টি গবেষণা প্রতিষ্ঠান যথা- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর প্রধান কার্যালয়ের বিজ্ঞানীদের সাথে মতবিনিময়, ইনস্টিটিউটসমূহের গবেষণা কার্যক্রম পর্যালোচনা, প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা, অন্যান্য ভৌত অবকাঠামো ও সুবিধাদি পর্যবেক্ষণসহ মাঠপর্যায়ে প্রযুক্তি গ্রহণের হার ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রণয়ন করা হয়।

বিশেষজ্ঞ প্যানেলের সুপারিশ চূড়ান্তকরণের লক্ষ্যে আগামী ৯ জুলাই, ২০২৫ তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি'র ২নং সম্মেলন কক্ষে এক কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মশালায় সম্মানিত কৃষি সচিব মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, আগামী ৯ জুলাই, ২০২৫ তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি'র ২নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় কৃষি গবেষণা সিস্টেম এর 'ক' তফসিলভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণার মান উন্নয়নের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**

\* সূত্রস্ব পত্র- ১ ও ২।

নাজমুন নাহার করিম  
৩১/১২/২৫

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (বু. দা.)

ফোন: ৪১০২৫২৫২

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. সদস্য পরিচালক (মৎস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০২. সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৩. সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৪. সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৫. সদস্য পরিচালক (এইআরএস), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৬. সদস্য পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৭. ড. জহুরুল করিম, চেয়ারম্যান, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক সচিব ও সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

০৮. ড. এনআই ভূঁইয়া, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক মহাপরিচালক, বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
০৯. ড. ওয়ায়েস কবীর, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
১০. প্রফেসর ড. আব্দুল হামিদ, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং প্রফেসর (অবসরপ্রাপ্ত), গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১১. ড. রহিম উদ্দিন আহম্মেদ, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১২. ড. মোঃ মতিউর রহমান, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১৩. ড. শহীদুর রহমান ভূঁইয়া, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং Former Senior Agril. Policy Adviser, USAID, Dhaka.
১৪. ড. সৈয়দ নুরুল আলম, সদস্য, ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেল এবং সাবেক পরিচালক (পরি. ও মূল্যায়ন), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১৫. পরিচালক, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৬. পরিচালক, পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১৭. পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১৮. পরিচালক, প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।